

২০১০ সনের ১৮ নং আইন

Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন।

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. IX of 1975) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The Prime Minister's (Remuneration and Privileges) (Amendment) Act, 2010 নামে অভিহিত হইবে;

(২) এই আইনের ধারা ৩, ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং অন্যান্য ধারাসমূহ ১ জুলাই, ২০১০ তারিখে কার্যকর হইবে।

২। Act No. IX of 1975 এর section 2 এর সংশোধন।—Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. IX of 1975), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 2 এর Clause (a) এ উল্লিখিত “wife” শব্দের পরিবর্তে “spouse” শব্দ প্রতিস্থাপিত হইবে।

৩। Act No. IX of 1975 এর section 3 এর সংশোধন।—উক্ত Act এর section 3 এ উল্লিখিত “32,000” সংখ্যা ও কমার পরিবর্তে “58,600” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

৪। Act No. IX of 1975 এর section 5 এর সংশোধন।—উক্ত Act এর section 5 এর clause (b) এ উল্লিখিত “one hundred and twenty maunds” শব্দগুলির পরিবর্তে “4,500 kilogram” সংখ্যা, কমা ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

৫। Act No. IX of 1975 এর section 7 এর সংশোধন।—উক্ত Act এর section 7 এর sub-section (4) এর—

(১) clause (b) এ উল্লিখিত “one hundred and fifty pounds” শব্দগুলির পরিবর্তে “68 kilogram” সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(২) clause (e) এ উল্লিখিত “five maunds” শব্দগুলির পরিবর্তে “187 kilogram” সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

৬। **Act No. IX of 1975** এর **section 12** এর প্রতিস্থাপন।—উক্ত Act এর section 12 এর পরিবর্তে নিম্নরূপ section 12 প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“12 Medical facilities.—The Prime Minister and his family shall be entitled free of charge, to treatment at any hospital in Bangladesh that can, in the opinion of his physician, provide necessary and suitable treatment :

Provided that the Prime Minister and his family shall ordinarily be entitled to receive medical treatment at the residence :

Provided further that the Prime Minister and his family may, if so advised by his physician, receive medical treatment abroad or consult a foreigner or a physician other than his own and receive such other treatment at the Government cost as may be prescribed.”।

৭। **Act No. IX of 1975** এর **section 15** এর সংশোধন।—উক্ত Act এর section 15 এর sub-section (1) এ উল্লিখিত “50,00,000” সংখ্যা ও কমাগুলির পরিবর্তে “1,00,00,000” সংখ্যা ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।
